



সাধারণ বীমা কর্পোরেশন

প্রধান কার্যালয়, ৩৩, দিলকুশা বা/এ, ঢাকা।

Website: www.sbc.gov.bd

সরকারী সম্পত্তি সাধারণ বীমা কর্পোরেশনে বীমাকরণে বিধি-বিধান সম্পর্কিত বিজ্ঞপ্তি।

সাধারণ বীমা কর্পোরেশন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয় (ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ) -এর অধীন একটি রাষ্ট্রীয় প্রতিষ্ঠান। বাংলাদেশে বিদ্যমান বীমা আইন এবং তৎপরবর্তীকালে সাধারণ বীমা কর্পোরেশনের সাথে বেসরকারী নন-লাইফ বীমা কোম্পানীসমূহের সম্পাদিত Memorandum of Agreement (MOA) অনুযায়ী সরকারী সম্পদের অনুকূলে শুধুমাত্র সাধারণ বীমা কর্পোরেশন থেকে সকল ধরনের বীমা পলিসি গ্রহণ করার বিধান রয়েছে। বীমা Ordinance No. L 1 of 1984 এর Substitution of Section 23, Act VI of 1973 অনুযায়ী সরকারী সম্পত্তি বা পাবলিক প্রপার্টি সম্পর্কিত ব্যাখ্যা নিম্নে উদ্ধৃত করা হলোঃ

“23. Public Property to be insured with the Sadharan Bima Corporation only:-

- (1) All insurance business relating to any public property or to any risk or Liability appertaining to any public property shall be placed with Sadharan Bima Corporation and with no other insurer.
- (2) Any policy of insurance taken or issued in connection of sub-section 23(1) shall be void: Provided that any claim for loss, damage, compensation or referred of premium arising out of, or relating to, such policy shall be binding on the insurer.
- (3) In this Section “Public Property” means:-
 - (a) any property movable or immovable which belongs to, or the protection of which is the legal responsibility of -
 - (i) The Government or a local authority; or
 - (ii) Any company, firm, undertaking, institution, organisation or other establishment which is managed or controlled by the Government or a local authority or in which the Government, by itself or jointly with a local authority or company managed or controlled by it holds controlling financial share or interest or which is specified by the Government for the purpose of this section; and
 - (b) a project financed out of an external loan or with external aid until it reaches-
 - (i) in the case of an industrial project, the stage at which it is capable of commencing normal production; and
 - (ii) in the case of any other project, the stage at which it is capable of being put to the use for which it is intended.”

পরবর্তীতে ১৯৮৪ সালে বেসরকারী খাতে বীমা কোম্পানী প্রতিষ্ঠিত হওয়ার পর সরকারী সম্পত্তি বীমা করার স্বপক্ষে ১৯৯০ইং সনের The Insurance Corporation (Amendment Act) অনুযায়ী Section-23 এর Sub-section (I) এর পরিবর্তে নিম্নরূপ আদেশ জারী করা হয় :

“(1) Fifty percent of all insurance business relating to any public property or to any risk or liability appertaining to any public property shall be placed with the Sadharan Bima Corporation and the remaining fifty percent of such business may be placed either with that Corporation or with any other insurer in Bangladesh”.

তবে বীমা ব্যবসায় শৃঙ্খলা বজায় রাখার স্বার্থে Bangladesh Insurance Association - এর অনুরোধের প্রেক্ষিতে বাণিজ্য মন্ত্রণালয়ের পত্র সূত্র নং- বাঃবী-২/১(১৬)/৮৯(অংশ)/১১৪: তারিখ: ২১/০৪/১৯৯০ইং অনুযায়ী সাধারণ বীমা কর্পোরেশন এবং বেসরকারী সকল নন-লাইফ বীমা কোম্পানী সমূহের মধ্যে একটি Memorandum of Agreement (MOA) সম্পাদিত হয়। উক্ত সম্পাদিত MOA-এ নিম্নোক্ত ধারাসমূহ সন্নিবেশিত আছেঃ

1. None other than Sadharan Bima Corporation shall underwrite any general insurance business relating to any Public Property or to any risk or liability appertaining to any Public Property.
2. All accounts of concerned signatory/signatories of the 2nd party who is/are found to have underwritten any such business in violation of the terms and modalities of the said agreement shall be kept suspended until the matter is finally resolved.

সুতরাং, বাংলাদেশে বিদ্যমান বীমা আইন এবং কোম্পানী সমূহের সাথে MOA অনুযায়ী সরকারী খাতের সকল সম্পদের বীমা ঝুঁকি সাধারণ বীমা কর্পোরেশন হতে গ্রহণ করার সুস্পষ্ট বিধান রয়েছে। এতদসত্ত্বেও বিদ্যমান বীমা বিধি লঙ্ঘন করে কোন কোন বেসরকারী নন-লাইফ বীমা কোম্পানী সরকারী সম্পত্তির জন্য বীমা পলিসি ইস্যু করছে, যা কোনভাবেই বাঞ্ছনীয় নয়।

বীমা আইন ও সংশ্লিষ্ট বিধান অনুযায়ী সরকারী সম্পত্তির বীমা ঝুঁকির বিপরীতে সাধারণ বীমা কর্পোরেশন থেকে বীমা পলিসি গ্রহণ করার জন্য এবং বেসরকারী নন-লাইফ বীমা কোম্পানী কর্তৃক সরকারী সম্পত্তির বিপরীতে বীমা পলিসি ইস্যু না করার জন্য অনুরোধ করা হলো।

সৈয়দ শাহরিয়ার আহসান

ব্যবস্থাপনা পরিচালক

সাধারণ বীমা কর্পোরেশন